



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
মৎস্যচাষ শাখা
www.fisheries.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.৫৭

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩০

১৩ মে ২০২৩

বিষয়: ঘূর্ণিঝড় 'মোখা' এর কারণে কর্মকর্তাগণকে কর্মস্থলে অবস্থান ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী ঘূর্ণিঝড় 'মোখা' বর্তমানে দক্ষিণ বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন মধ্য বঙ্গোপসাগর এলাকায় ১২.৮° উত্তর অক্ষাংশ এবং ৮৮.০° পূর্ব দ্রাঘিমাংশে অবস্থান করছে। এটি উত্তর পূর্ব দিকে অগ্রসর ও আরো ঘনীভূত হয়ে উপকূলে আঘাত হানতে পারে এবং এর প্রভাবে উপকূলীয় এলাকায় জলোচ্ছ্বাসে পুকুর/ঘের প্লাবিত হওয়াসহ অন্যান্য মৎস্য সম্পদ ও মৎস্যজীবীদের জানমাল ক্ষতির আশংকা রয়েছে। এমতাবস্থায় সংশ্লিষ্ট এলাকার কর্মকর্তাগণকে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

ক) উপকূলীয় বিভাগ, জেলা ও উপজেলাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে সতর্কতার সাথে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করা;

খ) ঘূর্ণিঝড় 'মোখা' এর প্রভাবে পুকুর/ঘের প্লাবিত হয়ে মাছ, চিংড়ি, কাঁকড়াসহ বিবিধ জলজ জীব ভেসে যাওয়া ও অন্যান্য অবকাঠামোগত ক্ষতি রোধকল্পে সংশ্লিষ্ট মৎস্য খামারিগণকে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে পরামর্শ প্রদান করা;

গ) জেলা এবং উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং বোট/ট্রলার মালিক সমিতির সাথে সমন্বয়পূর্বক আবহাওয়া অধিদপ্তর এর সর্বশেষ পূর্বাভাস বার্তা মৎস্যচাষি ও মৎস্যজীবীদের মাঝে যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করা;

ঘ) সংশ্লিষ্ট বোট/ট্রলার মালিক সমিতির সাথে যোগাযোগপূর্বক উপকূলীয় এলাকায় ও গভীর সমুদ্রে মাছ ধরা নৌকা ও ট্রলারসমূহসহ মৎস্যজীবী ও মৎস্যচাষিদেরকে নিরাপদ আশ্রয়স্থলে থাকার জন্য পরামর্শ প্রদান করা;

ঙ) মৎস্যচাষিদের পুকুর/ঘের এর পাড় উঁচু করা, নেট বা বানা দিয়ে ঘিরে রাখা ও প্রয়োজনে মাছ নিরাপদ স্থানে স্থানান্তর করা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করা;

চ) পরবর্তী অবস্থা পর্যবেক্ষণকরত: সামুদ্রিক এলাকার জন্য পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম এবং উপকূলীয় এলাকায় সংশ্লিষ্ট প্রত্যেক বিভাগে উপপরিচালক এবং জেলায় জেলা মৎস্য কর্মকর্তার নেতৃত্বে একটি কন্ট্রোল রুম খোলা; এবং

ছ) সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক তাঁর নিজ নিজ বিভাগের এতদসংক্রান্ত সকল কার্যক্রম সমন্বয় ও তদারক করা।

১৩-৫-২০২৩

অলক কুমার সাহা

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-২২৩৩৮১৫৯২

ইমেইল: ddaqua@fisheries.gov.bd

বিতরণ :

- ১) পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম
- ২) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
- ৩) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা
- ৪) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.৫৭/১(৪)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩০
১৩ মে ২০২৩

সদয় অবগতি/সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৩) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড ও মৎস্যচাষ শাখা অংশে আপলোড করার অনুরোধসহ)



১৩-৫-২০২৩

মুহাঃ নওশের আলী

সহকারী পরিচালক (মৎস্যচাষ)